

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



[মূসক আইন ও বিধি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০১৬.২০১২/৩৮৬ (৬২)

তারিখ: ২৪ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ।
৯ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক কোন প্রকৃত রপ্তানিকারককে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে মূসক এর প্রযোজ্যতা।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-২(২৮) শুল্ক:রপ্তানি ও বন্ড/২০০৭(অংশ-৩)/৪৭(৩), তারিখ: ২০/০৫/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রের মাধ্যমে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রকৃত রপ্তানিকারক প্রতিষ্ঠানে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে মূসকের প্রযোজ্যতার বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮(খ) অনুযায়ী কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক নিম্নবর্ণিত শর্তপরিপালন সাপেক্ষে কোন প্রকৃত রপ্তানিকারককে কোন পণ্য বা সেবা সরবরাহ করলে উক্ত পণ্য বা সেবার সরবরাহ আইনের ধারা ২ এর দফা (৬২) অনুযায়ী প্রচ্ছন্ন রপ্তানি হিসেবে গণ্য হবেঃ

- (ক) প্রকৃত রপ্তানিকারককে সরবরাহ প্রদান করতে হবে;
- (খ) অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক স্বর্ণপত্রের বিপরীতে সরবরাহ করতে হবে;
- (গ) বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহ হতে হবে;
- (ঘ) প্রকৃত রপ্তানিকারকের কাস্টমস কর্তৃপক্ষ বা অন্য যেকোন অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত বন্ডেড ওয়ারহাউস বা স্পেশাল বন্ডেড ওয়ারহাউস থাকতে হবে;
- (ঙ) পণ্য বা সেবা সরবরাহ সংক্রান্ত তথ্য পণ্য বা সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) কিংবা ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) এ উল্লেখ থাকতে হবে;

০৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮-ক এ প্রদত্ত ক্ষমতাবলে এই পত্রটি জারি করা হলো।

০৫। বিষয়টি বোর্ডের নির্দেশক্রমে অবহিত করা হলো।

[ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী]

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

ফোনঃ ০২২২২১১৭১৫, এক্সঃ ০৭৫৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-৬। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/(কাস্টমস: নিরীক্ষা আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/ (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি)/(কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৯-২৪। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও/কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
- ২৫-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ২৯-৩০। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

- ৩১। মহাপরিচালক, শুল্ক রোয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ✓ ৩২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩৩। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৩৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।